


২০২৫ সনের হজের প্রাথমিক নিবন্ধন বিজ্ঞপ্তি

হজে গমনের মাধ্যম	অর্থ জমা প্রদানের সময়সীমা	প্রাথমিক নিবন্ধনের টাকার পরিমাণ	মন্তব্য
সরকারি ও বেসরকারি	১ সেপ্টেম্বর হতে ৩০ নভেম্বর ২০২৪ (এ সময় বৃদ্ধি করা হবে না)	৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা	পূর্বের প্রাক-নিবন্ধিত ও নতুন করে প্রাক-নিবন্ধিত ব্যক্তি প্রাথমিক নিবন্ধন করতে পারবেন

- ২০২৫ সনের সাধারণ হজ প্যাকেজ মূল্য ২০২৪ সনের হজ প্যাকেজ মূল্যের চেয়ে কমানোর চেষ্টা করা হচ্ছে
- সৌদি পর্বের ব্যয়ের হিসাব ও বিমান ভাড়া নির্ধারণ সাপেক্ষে যথাসময়ে হজের প্যাকেজ ঘোষণা করা হবে
- হজ প্যাকেজে উল্লিখিত সময়ের মধ্যে প্যাকেজ মূল্যের অবশিষ্ট অর্থ পরিশোধ করতে হবে
- সরকারি ও বেসরকারি উভয় মাধ্যমের প্রাক-নিবন্ধন ফি ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা
- ২০২৫ সনের হজযাত্রীর কোটা ১,২৭,১৯৮ জন, কোটা পূর্ণ হলে স্বয়ংক্রিয়ভাবে প্রাথমিক নিবন্ধন কার্যক্রম বন্ধ হয়ে যাবে
- সাধারণ প্যাকেজের বাড়ি/হোটেলে সর্বোচ্চ ৬ সিট থাকবে, তবে প্যাকেজ আপগ্রেডেশন সুবিধা থাকবে
- হজ এজেন্সিসমূহ প্রয়োজনে বিশেষ প্যাকেজের সুবিধা দিয়ে হজযাত্রী প্রেরণ করতে পারবে
- হজ কার্যক্রম পরিচালনায় প্রাথমিকভাবে যোগ্য এজেন্সির তালিকা www.hajj.gov.bd এ পাওয়া যাবে
- হজ সংক্রান্ত যে কোন তথ্য ১৬১৩৬ নম্বর কল সেন্টারে ফোন করে জানা যাবে
- ই-হজ সিস্টেম (www.hajj.gov.bd), e-Hajj BD মোবাইল অ্যাপ থেকে সরকারি মাধ্যমে হজে গমনেচ্ছুগণ সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টার, ইসলামিক ফাউন্ডেশনের বিভাগীয় কার্যালয়, জেলা কার্যালয়, বায়তুল মোকাররম মসজিদ (৩য় তলা), হজ অফিস আশকোনা ঢাকা হতে এবং বেসরকারি মাধ্যমের হজযাত্রীদের অনুমোদিত এজেন্সি কর্তৃক প্রাথমিক নিবন্ধন করা যাবে
- প্রাথমিক নিবন্ধনের জন্য প্রাক-নিবন্ধন সনদ ও পাসপোর্ট প্রয়োজন হবে
- প্রাথমিক নিবন্ধনের টাকা জমা: সরকারি মাধ্যমে হজে গমনেচ্ছুগণ সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল ঢাকা, হিসাবের শিরোনাম Sale Proceeds of Hajj Deposit, হিসাব নম্বর ০০০২৬৩৩০০০৯০৮ এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ভাউচারের মাধ্যমে ৩,০০,০০০ (তিন লক্ষ) টাকা জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে পারবে। এজেন্সির মাধ্যমে হজে গমনেচ্ছুগণ একই পরিমাণ টাকা এজেন্সির নির্ধারিত ব্যাংক হিসাবে জমা দিয়ে প্রাথমিক নিবন্ধন করতে পারবে
- অনুগ্রহ করে দুরারোগ্য ব্যাধিতে (ক্যান্সার, অ্যাডভান্সড কার্ডিয়াক, লিভার সিরোসিস, কিডনি রোগ, সংক্রামক যক্ষ্মা, ডিমেনশিয়া) আক্রান্ত, গর্ভবতী মহিলা ও চলাচলে অক্ষম ব্যক্তিদের হজের প্রাথমিক নিবন্ধন না করার জন্য অনুরোধ করা হলো।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


মো. তফিকুল ইসলাম

সহকারী সচিব

ফোন: ৫৫১০০৮৯৯

morahajsection@gmail.com

অনুলিপি সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৩. সিনিয়র সচিব/সচিব..... মন্ত্রণালয়/বিভাগ
৪. মান্যবর রাষ্ট্রদূত, রাজকীয় সৌদি দূতাবাস, গুলশান, ঢাকা
৫. মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, রিয়াদ, সৌদি আরব
৬. মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা
৭. অতিরিক্ত পুলিশ মহাপরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা
৮. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহল প্রচারের জন্য অনুরোধ করা হলো)
৯. অতিরিক্ত সচিব (সকল), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১০. বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১১. ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লি., প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা
১২. উপদেষ্টার একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য)
১৩. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
১৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
১৫. ব্যবস্থাপনা পরিচালক,..... ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (সংশ্লিষ্ট শাখাসমূহকে প্রয়োজনীয় নির্দেশনার অনুরোধসহ)

১৬. জেলা প্রশাসক (সকল).....
১৭. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৮. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশের অনুরোধসহ)
১৯. সিনিয়র তথ্য অফিসার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)
২০. বিভাগীয় পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সকল বিভাগ, সংশ্লিষ্টদের অবগতি ও প্রাথমিক নিবন্ধনের কার্যক্রম গ্রহণের অনুরোধসহ
২১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), ইউনিয়ন ডিজিটাল সেন্টারের ইউজারদের হজের নিবন্ধন করার সদয় নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো
২২. উপ-পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন (সকল জেলা), সংশ্লিষ্টদের অবগতি ও প্রাথমিক নিবন্ধনের কার্যক্রম গ্রহণের অনুরোধসহ
২৩. মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), ঢাকা, হোটেল ভিক্টোরী, ৩০/এ নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা
২৪. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (বিজ্ঞপ্তিটি হজের ওয়েবসাইটে(www.hajj.gov.bd) প্রকাশের অনুরোধসহ)
২৫. স্বত্বাধিকারী/অংশীদার,----- (সকল হজ এজেন্সি)
২৬. জনাব -----
২৭. অফিস কপি

